



২০২২ সালের অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষার

আবেদন ফরম পূরণের বিজ্ঞপ্তি

অনলাইন থেকে আবেদন ফরম ডাউনলোড করার শেষ তারিখ: ০৭/০৩/২০২৪

পরীক্ষার্থীদের ফরম পূরণের জন্য প্রদেয় ফিসের বিবরণঃ

ক্রমিক নং	বিষয়ের নাম	কলেজের ব্যাংক কাউন্টারে টাকা জমা দেওয়া ও পূরণকৃত ফরম বিভাগে জমাদানের তারিখ	নিয়মিত	অনিয়মিত (বিগত বছরে যারা ফরম পূরণ করেনি)	অনিয়মিত (বিগত বছরে যারা ফরম পূরণ করেছেন) ও মানউন্নয়ন
১	হিসাববিজ্ঞান (নিয়মিত)	২৮/০২/২৪	৬৫৩৫/-	৬৫৩৫/-	ফরমে উল্লিখিত টাকা + ৫০৫/-
২	ব্যবস্থাপনা (নিয়মিত)	০৪/০৩/২৪			
৩	ফিন্যান্স এন্ড ব্যাংকিং ও মার্কেটিং (নিয়মিত)	০৫/০৩/২৪			
৪	সকল বিষয় (অনিয়মিত ও মান উন্নয়ন)	০৬/০৩/২৪			
৫	অনিয়মিত (যারা গত বছর ফরম পূরণ করেছিল)	পরীক্ষার্থী মৌখিক পরীক্ষায় অকৃতকার্য থাকলে ফরমে উল্লিখিত টাকার সাথে (৫০৫+৭৫/-) টাকা জমা দিতে হবে।			

অনলাইনে আবেদন ফরম পূরণের পদ্ধতি (পরীক্ষার্থীদের জন্য) :

- ক) আবেদনকারীকে নিজে অথবা কলেজ কর্তৃপক্ষ বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (<http://ems.nu.ac.bd/student-login>)-এ প্রবেশ করে নিজের রেজিস্ট্রেশন নম্বর দিয়ে ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী ফরম পূরণের আবেদন করতে হবে। আবেদন ফরম পূরণ প্রক্রিয়া সম্পন্ন হলে, অনলাইন থেকে একটি আবেদন ফরম প্রিন্ট করে নিতে হবে। পূরণকৃত ফরমটিতে পরীক্ষার্থীর বিষয় কোড এবং ফি উল্লেখ থাকবে। ফি সহ প্রিন্টকৃত কপি আবেদনকারীকে কলেজের স্ব-স্ব বিভাগে জমা দিতে হবে। বিষয়কোড ভুল পূরণের জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ দায়ী থাকবে না।
- খ) আবেদন ফরমে কোন প্রকার ভুল হলে কলেজ কর্তৃপক্ষের মাধ্যমে ফরম Cancel করে পুনরায় আবেদন ফরম Download করতে হবে।
- গ) আবেদনকারীকে সদ্য তোলা পাসপোর্ট সাইজের ২ কপি ছবি আবেদন পত্রের সঙ্গে সংযুক্ত করে দিতে হবে।

পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলী :

- ক) ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে জাতীয় বিশ্ববিদ্যালয়ে নিবন্ধিত যে সকল শিক্ষার্থী ২০২১ সালের অনার্স ৩য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে Promoted হয়েছে সে সকল শিক্ষার্থী নিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০২২ সালের অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন।
- খ) ২০১৫-২০১৬, ২০১৬-২০১৭ এবং ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে নিবন্ধিত যে সকল পরীক্ষার্থী অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষায় এক বা একাধিক কোর্সে F গ্রেড প্রাপ্ত হয়েছে অথবা অনুপস্থিত রয়েছে তারা ২০২২ সালের অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষায় ঐ সকল কোর্সে অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবেন।
- গ) ২০১৫-২০১৬, ২০১৬-২০১৭ এবং ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের পরীক্ষার্থী যারা ২০২১ সালের অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষায় Promoted হয়েছে সে সকল পরীক্ষার্থী ২০২২ সালের অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবেন।
- ঘ) শুধুমাত্র ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের এক বা একাধিক কোর্সে F গ্রেড প্রাপ্ত (অকৃতকার্য) পরীক্ষার্থীদের বিশেষ বিবেচনায় পরীক্ষায় অংশগ্রহণের জন্য সর্বমোট ৫০০০/- (পাঁচ হাজার) টাকা বিশেষ ফি (এক বা একাধিক কোর্সের জন্য F গ্রেড প্রাপ্ত সমভাবে) প্রদান সাপেক্ষে আবেদন ফরম পূরণ করতে পারবেন। রেজিস্ট্রেশন নবায়নের কোন প্রয়োজন হবে না।
- উল্লেখ্য, ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের কোন পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণে ব্যর্থ হলে অথবা অংশগ্রহণ করে পুনরায় অকৃতকার্য হলে অথবা ফরম পূরণ করে পরীক্ষায় অংশগ্রহণ না করলে পরবর্তীতে তারা কোন অবস্থাতেই পরবর্তী বছর পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ চেয়ে আবেদন করতে পারবেন না।

অনার্স পাঠ্যসূচী (Syllabus) :

২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের বিএ, বিএসএস, বিবিএ, বিএসসি অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষা জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রণীত সিলেবাস ও রেগুলেশন অনুযায়ী এ পরীক্ষা অনুষ্ঠিত হবে।

১৯/০২/২৪

১৯/০২/২৪

অধ্যক্ষ

আযম খান সরকারি কমান্স কলেজ
খুলনা।

১৯/০২/২৪